

📖 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১২১) কুরআন মজীদে দাড়িপাল্লা স্থাপনের দলীল কি? আমল মাপার পদ্ধতি বর্ণনা করুন

উত্তরঃ কিয়ামতের দিন বান্দাদের আমল মাপার জন্যে দাড়িপাল্লা স্থাপন করা হবে, সে সম্পর্কে আল্লাহ তা'আলা বলেনঃ

وَتَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَإِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا وَكَفَى بِنَا حَاسِبِينَ

“আমি কিয়ামতের দিন ন্যায় বিচারের মানদণ্ড স্থাপন করব। সুতরাং কারো প্রতি জুলুম হবেনা। যদি কোন আমল সরিষার দানা পরিমাণও হয়, আমি তা উপস্থিত করব এবং হিসাব গ্রহণের জন্যে আমিই যথেষ্ট”। (সূরা আশ্বিয়াঃ ৪৭) আল্লাহ তা'আলা বলেনঃ

وَالْوِزْنَ يُؤَمِّنُ الْحَقُّ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ بِمَا كَانُوا بِآيَاتِنَا يَظْلِمُونَ

“আর সে দিন যথাযথই ওজন হবে। অতঃপর যাদের পাল্লা ভারী হবে তারাই সফলকাম হবে আর যাদের পাল্লা হালকা হবে তারা এমন হবে, যারা নিজেদের ক্ষতি করেছে। কারণ তারা আমার নিদর্শনসমূহ অস্বীকার করত”। (সূরা আ'রাফঃ ৮-৯) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

فَأَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُمُّهُ هَاوِيَةٌ وَمَا أَدْرَاكَ مَا هِيَ نَارٌ حَامِيَةٌ

“অতঃপর যার পাল্লা ভারী হবে সে সুখী জীবন যাপন করবে। আর যার পাল্লা হালকা হবে তার ঠিকানা হবে হাভীয়া (জাহান্নাম)। আপনি জানেন তা কি? তা হচ্ছে প্রজ্জলিত অগ্নি”। (সূরা আল-কারিআহঃ ৬-১১) আল্লাহ তা'আলা কাফেরদের ব্যাপারে বলেনঃ

فَلَا نُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا

“সুতরাং কিয়ামতের দিন আমি তাদের জন্যে কোন পরিমাপ প্রতিষ্ঠিত করব না”। (সূরা কাহফঃ ১০৫) এছাড়া আরো অনেক আয়াত রয়েছে।